**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/14/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল পুরো স্টেটজুড়ে পরিষ্কার পানির ব্যবস্থা এবং খাওয়ার পানির অবকাঠামো প্রকল্পের জন্য 44.2মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

## *6টি অঞ্চলে প্রকল্পগুলির অবস্থান*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন পুরো নিউ ইয়র্কে খাওয়ার পানি এবং বর্জ্য পানি প্রকল্পের জন্য নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (New York State Environmental Facilities Corporation, EFC) 44 মিলিয়ন মার্কিন ডলারের অনুমোদন দিয়েছে। তহবিলে রয়েছে, EFC পরিচালনা পর্ষদের অনুমোদিত অনুদান, সুদ-মুক্ত অর্থায়ন এবং স্বল্প-খরচের অর্থায়ন। এটি পুরো স্টেটে পানির মান রক্ষা বা উন্নতকারী অতি জরুরি অবকাঠামো প্রকল্পে সাশ্রয়ী সমাধান প্রদান করবে।

"কোনও সম্প্রদায়কে শক্তিশালী ও স্থিতিশীল রাখার সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলির একটি হল পরিষ্কার পানির ব্যবস্থা। আমাদের স্থানীয় অংশীদারদের কাছে যাতে অতি জরুরি পানি প্রকল্পে বিনিয়োগ করার রিসোর্স থাকে তা নিশ্চিত করার মাধ্যমে, আমরা আমাদের স্টেটে জনস্বাস্থ্য মজবুত করতে পারি, এবং উন্নয়ন ও অর্থনৈতিক বিকাশের ভিত্তি গড়ে তুলতে পারি," **গভর্নর হোকল বলেন।** "অর্থায়ন স্থানীয় সরকারগুলোকে অতি জরুরি অবকাঠামো উন্নয়ন করতে সাহায্য করে,যেমন বর্জ্য পানি সংগ্রহের ব্যবস্থা, খাওয়ার পানির মূল সরবরাহ ও পানি সংরক্ষণের ট্যাঙ্ক, যা আসন্ন অনেক প্রজন্মের নিউ ইয়র্কবাসীর জন্য পানির মান রক্ষার কাজ করবে।"

**ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) কমিশনার জীবন EFC বোর্ডের প্রধান ব্যাসিল সেগোস বলেন,** "আমাদের পরিবর্তনশীল জলবায়ু এবং ঘন ঘন তীব্র ঝড়ের মুখে, নিউ ইয়র্কের সুপ্রাচীন খাওয়ার পানি ও বর্জ্য পানির ব্যবস্থা আগের যেকোনও সময়ের থেকে বেশি সমস্যার সম্মুখীন হচ্ছে। গভর্নর হোকল পানি অবকাঠামোর প্রয়োজনীয় উন্নয়নে স্থানীয় সরকারগুলির ফিসক্যাল সমস্যা বুঝেন এবং তাই তিনি তাদের প্রসেসটাকে সমর্থন করাকে শীর্ষ অগ্রাধিকার বানিয়েছেন। নিউ ইয়র্কের ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Clean Water State Revolving Fund, CWSRF) এবং ড্রিংকিং ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Drinking Water State Revolving Fund, DWSRF) এবং ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার ইমপ্রুভমেন্ট অ্যাক্টের (Water Infrastructure Improvement Act, WIIA) মাধ্যমে স্বল্প-ব্যয়ের অর্থায়নে প্রায় 44 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদানের আজকের

ঘোষণা স্থানীয় সরকারগুলিকে তাদের পানির মান রক্ষা ও উন্নয়নে অতি জরুরি মুখ্য অবকাঠামো প্রকল্প বাস্তবায়নে সাহায্য করবে। নিউ ইয়র্কের পানি অবকাঠামো ব্যবস্থা শক্তিশালী করতে, DEC স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন এবং পুরো স্টেটের সম্প্রদায়গুলির সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত। পরিচালনা পর্ষদ EFC প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন কোলম্যানকে স্বাগত জানাচ্ছে যেহেতু তিনি পুরো নিউ ইয়র্ক স্টেটে অতি জরুরি পানি অবকাঠামোর ব্যাপারে সম্প্রদায়সমূহকে সাহায্য করতে EFC-এর মিশনকে অব্যাহত রাখছেন।"

**EFC প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন কোলম্যান বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্বে, নিউ ইয়র্ক সম্প্রদায়সমূহকে পানির মান উন্নয়নে সাহায্য করার ক্ষেত্রে অভূতপূর্ব সমর্থন করা অব্যাহত রেখেছে যেমনটি দেখা গেছে তার স্থানীয় সম্প্রদায়সমূহের জন্য পানি অবকাঠামো উন্নয়ন অনুদান হিসেবে 400 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করার সাম্প্রতিক ঘোষণায়। অতি জরুরি পানি অবকাঠামো কাজে স্থানীয় সরকারগুলির জন্য অর্থায়ন অনুমোদনের মাধ্যমে, EFC এর পরিচালনা পর্ষদ নিশ্চিত করেছে যে পুরো স্টেটে স্থানীয় সম্প্রদায়সমূহ যাতে আমাদের মূল্যবান পানির রিসোর্স সুরক্ষাকারী গুরুত্বপূর্ণ প্রকল্প সাশ্রয়ীভাবে শুরু করতে পারে। আমরা ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন, ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health, DOH) এবং স্থানীয় সরকারসমূহের সাথে অংশীদারিত্ব করতে পেরে আনন্দিত এবং আমরা নিউ ইয়র্কের সুপ্রাচীন অবকাঠামো ব্যবস্থা মজবুত ও আধুনিক করতে একত্রে কাজ করছি।"

**ডিপার্টমেন্ট অফ হেলথের কমিশনার ডাঃ হাওয়ার্ড জুকার বলেন,** "খাওয়ার পানির উন্নয়ন এবং অন্যান্য পরিষ্কার পানির উদ্যোগে অর্থায়ন করার নিউ ইয়র্কের অব্যাহত অঙ্গীকার পুরো স্টেটের সম্প্রদায়ের স্বাস্থ্যে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলছে। এখন পানির ব্যবস্থাগুলি সেকেলে অবকাঠামো টিকিয়ে রাখার কাজ করছে যাতে করে তারা সুদূর ভবিষ্যতেও বাসিন্দাদের ভালোমানের খাওয়ার পানি পাওয়ার ব্যবস্থা নিশ্চিত করতে পারে।"

বোর্ডের অনুমোদনের মধ্যে রয়েছে ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড এবং ড্রিংকিং ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড এবং ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার ইমপ্রুভমেন্ট অ্যাক্ট অনুসারী অনুদান।

14 অক্টোবরে অর্থায়ন অনুমোদনপ্রাপ্ত প্রকল্পগুলি হল:

**খাওয়ার পানির প্রকল্পসমূহ:**

- শাটোকুয়া কাউন্টির জেমসটাউন শহরে - পানি সরবরাহের মূল লাইন প্রতিস্থাপনে 3,000,000 মার্কিন ডলার WIIA অনুদান।
- স্টিউবেন কাউন্টির ক্যানিস্টেও গ্রাম - 3,000,000 মার্কিন ডলার WIIA অনুদান এবং স্বল্প-মেয়াদে বাজার-মূল্যে সংরক্ষণ ও বিতরণ ব্যবস্থার উন্নয়নের জন্য 1,776,800 মার্কিন ডলার অর্থায়ন।
- ডেলাওয়্যার কাউন্টির ওয়াল্টন গ্রাম - 1,200,000 মার্কিন ডলার WIIA অনুদান এবং স্বল্প-মেয়াদে বাজার-মূল্যে সংরক্ষণ ও বিতরণ ব্যবস্থার উন্নয়নের জন্য 800,000 মার্কিন ডলার অর্থায়ন

- আলস্টার কাউন্টির কিংস্টন শহর - 900,000 মার্কিন ডলার WIIA অনুদান এবং স্বল্প-মেয়াদে বাজার-মূল্যে চলাচল ও বিতরণ ব্যবস্থার উন্নয়নের জন্য 600,000 মার্কিন ডলার অর্থায়ন।
- নাসাউ কাউন্টির ম্যাসাপেকা পানি জেলা - বিতরণ ব্যবস্থা উন্নয়নে 4,000,400 মার্কিন ডলার ইন্টারমিউনিসিপ্যাল অনুদান (Intermunicipal Grant)।

**পরিষ্কার পানির প্রকল্পসমূহ:**

- নায়াগারা কাউন্টির লকপোর্ট শহর - 531,250 মার্কিন ডলার WIIA অনুদান, 2,268,750 মার্কিন ডলার স্বল্প-মেয়াদে সুদমুক্ত অর্থায়ন, এবং বর্জ্যপানি ট্রিটমেন্ট প্ল্যান্ট উন্নয়নে স্বল্প-মেয়াদে বাজার-মূল্যে 1,000,000 মার্কিন ডলার অর্থায়ন।
- স্টিউবেন কাউন্টির অ্যাডিসন গ্রাম - বর্জ্য পানির ব্যবস্থার উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদে, সুদ-মুক্ত 2,914,513 মার্কিন ডলার অর্থায়ন।
- ব্রুম কাউন্টির বিংহ্যাম শহর - বর্জ্যপানি ট্রিটমেন্ট প্ল্যান্ট সংস্কার এবং জনসন সিটি গ্রামের সাথে পুনর্বাসনে দীর্ঘমেয়াদে, সুদ-মুক্ত 2,740,000 মার্কিন ডলার অর্থায়ন।
- ব্রুম কাউন্টির জনসন সিটি গ্রাম - বর্জ্যপানি ট্রিটমেন্ট প্ল্যান্ট সংস্কার এবং বিংহ্যাম শহরের সাথে পুনর্বাসনে দীর্ঘমেয়াদে, সুদ-মুক্ত 2,260,000 মার্কিন ডলার অর্থায়ন।
- ওনিডা কাউন্টির বুনভিল গ্রাম - 5,122,500 মার্কিন ডলার স্বল্প-মেয়াদে সুদমুক্ত অর্থায়ন এবং ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Clean Water State Revolving Fund, CWSRF) থেকে বর্জ্যপানির ট্রিটমেন্ট প্ল্যান্ট উন্নয়নে 2,457,500 মার্কিন ডলার অনুদান।
- এসেক্স কাউন্টির টিকোনডারোগা টাউন - ট্রিটমেন্ট প্ল্যান্ট উন্নয়ন, স্যানিটারি সিউয়ার পৃথকীকরণ এবং স্ট্রিম ডেলাইটিংয়ের জন্য দীর্ঘমেয়াদে, সুদ-মুক্ত 9,275,936 মার্কিন ডলার অর্থায়ন।
- অরেঞ্জ কাউন্টির নিউ উইন্ডসর টাউন - সিউয়ার পুনর্বাসনের জন্য 392,188 মার্কিন ডলার WIIA অনুদান।

CWSRF এবং DWSRF হল EFC এর কেন্দ্রীয় অর্থায়ন প্রোগ্রাম। তার অংশীদার DEC এর সাথে, EFC CWSRF এর পরিচালনা ও প্রশাসনের জন্য দায়ী। CWSRF EFC-কে সুদ-মুক্ত বা কম সুদের হারে অর্থায়ন এবং অনুদান প্রদানের অনুমতি দেয় বিভিন্ন ধরনের যোগ্য পানির গুণমান উন্নতি প্রকল্পের জন্য। EFC একইভাবে তার অংশীদার DOH এর সাথে মিলে DWSRF এর কর্মকাণ্ড পরিচালনা করে, খাওয়ার পানির অবকাঠামো প্রকল্পের জন্য সুদ-মুক্ত বা কম-সুদের হারে অর্থায়ন ও অনুদান প্রদান করে। EFC কিভাবে কম-খরচে মূলধন, অনুদান এবং বিশেষজ্ঞ কারিগরি সহায়তা প্রদান করে সেই ব্যাপারে আরো জানতে EFC এর ওয়েবসাইট www.efc.ny.gov ভিজিট করুন।

**###**

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418